

## প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিৎ:

বিভিন্ন অপরাধে ২৪টি প্রতিষ্ঠানকে ১,৩৫ লক্ষ টাকা জরিমানা

৩০ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ীয়ের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন জেলা কার্যালয়ের ৫ জন কর্মকর্তার নেতৃত্বে  
ঝিনাইদহ, পাবনা, পঞ্চগড়, বাগেরহাট ও বগুড়ায় আজ বাজার তদারকি করা হয়।

ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের হরিনাকুন্ড উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে  
৯,৫০০/- (নয় হাজার) টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে পাবনার সুজানগর  
উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের  
নেতৃত্বে পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ২৫,৫০০/- (পাঁচিশ হাজার পাঁচশত) টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী  
পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাট সদর ও রামপাল এলাকায় ৭টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আটার হাজার) টাকা  
এবং বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার নন্দিগ্রাম উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে  
৫৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট ১,১৮,০০০/- (এক লক্ষ আটার হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের  
মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ  
দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের  
অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে শর্মা হাউজ ও Rotatouille Restaurant কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও  
২,০০০/- (দুই হাজার) টাকা এবং প্রতিশুতু পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে আবদুল মোনেম সুগার  
রিফাইনারি লিঃ কে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১৭,০০০/- (সতের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন  
অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ৫টি বাজার তদারকি ও ৩টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২৪টি প্রতিষ্ঠানকে মোট ১,৩৫,০০০/- (এক লক্ষ পাঁচশত  
হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৩ জন অভিযোগকারীকে মং ৪,২৫০/- (চার হাজার  
দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা  
প্রশাসন, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)  
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, রাজশাহী, খুলনা ও রংপুর মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগরগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঝিনাইদহ, পাবনা, পঞ্চগড়, বাগেরহাট ও বগুড়া।
- ৭। পুলিশ সুপার, ঝিনাইদহ, পাবনা, পঞ্চগড়, বাগেরহাট ও বগুড়া।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।